চার্চ রোপণ এবং চার্চ পুনর্নবীকরণ জন্য একটি ম্যানুয়াল

মন্ডলীর জন্য ঈশ্বরের পরিকল্পনা

পবিত্র আত্মা, পবিত্র বাইবেল, প্রেরিতগণ, ভাববাদীগণ, ঈশ্বর, পিতা, পুত্র, বাক্য, প্রকাশিত



মন্ডলীর জন্য ঈশ্বরের পরিকল্পনা

মন্ডলী সংগঠন এবং মন্ডলী নবায়নের জন্য একটি সহায়িকা

বাইবেলীয় নীতিমালার উপর ভিত্তি করে রচিত যা আবহমানকালের সর্বসংস্কৃতিতে প্রযোজ্য

টীম ডাব্লিউ. বুন

মন্ডলীর জন্য ঈশ্বরের পরিকল্পনা

মন্ডলী সংগঠন এবং মন্ডলী নবায়নের জন্য একটি সহায়িকা

Fourth Edition, 2018

Copyright © 2005, 2008, 2012, 2018 by New Foundations International

Scripture quotations indicated by ESV are taken from the English Standard Version.
Copyright © 2001 by Crossway, a publishing ministry of Good News Publishers.
All right reserved.

ISBN: 9780692173138

Illustrations by Christopher Esterly

Printing by Austin Printing
Cell: 0172-0517821

New Foundations International
http://www.newfoundationsinternational.org/
Please contact us or send request for information at:
newfoundationsinternational@gmail.com

অন্যদের অভিব্যক্তিগুলো কেমন...

"বর্তমান সময়ে মন্ডলী যে বাইবেলীয় কাঠামো থেকে সরে গিয়েছে সেই তিক্ত বাস্তবতা সম্বন্ধে এই সহায়িকাটি আমার চোখ খুলে দিয়েছে। আমি শিখেছি যে বাইবেলকে মন্ডলী সংগঠন সম্বন্ধে বলতে দিতে হবে, এবং এর পরিচালনা ও কর্তৃত্বের প্রতি আরও বেশি সমর্পিত হতে হবে। এই সহায়ীকাটি আমার কাছে দৃষ্টি ফিরিয়ে দেবার মত একটি উৎস।"

মন্ডলী সংগঠক; আলজেরিয়া

"এটি তাদের জন্য একটি জীবন পরিবর্তনকারী বই যারা ঈশ্বরের বাক্যের কাছে ফিরে যেতে চায় এবং বিশেষত প্রেরিত পুস্তকের শিক্ষা প্রয়োগ করতে চায়। এই নীতিমালাগুলো জাম্বিয়ায় আমাদের পরিবার এবং মন্ডলীগুলোতে প্রয়োগ করে আমরা নবজাগরণের অভিজ্ঞতা লাভ করছি, এবং পার্শ্ববর্তী দেশগুলোতেও সেই আন্দোলন ছড়িয়ে পরছে। বর্তমানে মন্ডলীগুলো প্রেরিত পুস্তকে বর্ণিত মন্ডলীর মত কার্যকারী হবার চেষ্টা করছে।"

পালক; জাম্বিয়া, আফ্রিকা

"আমার কাছে মন্ডলী এবং এর পরিচর্যার ক্ষেত্রগুলোর জন্য বাইবেলের পরেই এই সহায়ীকাটির স্থান। কেন এবং কিভাবে তা জানতে চান? আমার মতে, 'এটি আবহমানকালের সর্বগ্রাহ্য বাইবেলীয় নীতিমালায় নূতন মন্ডলী সংগঠন এবং প্রাচীন-সংস্কৃতি উৎঘাটনের জন্য পাঠকদের পরিচালনা দান করে।' এই সাহায়িকা এমন একটি মাধ্যম যার দ্বারা আপনি ঈশ্বরের পরিচালনায় তাঁর ইচ্ছানুসারে তাঁর মন্ডলী বৃদ্ধি এবং তা পরাক্রমশলী করে তোলার জন্য কার্যকারী পদ্ধতি আবিষ্কারের শক্তি লাভ করেন।"

মন্ডলী সংগঠক; মিয়ানমার

"মন্ডলীর জন্য ঈশ্বরের পরিকল্পনা সহায়িকাটি কম্বডিয়াতে মন্ডলীকে শক্তিশালী করতে এবং বৃদ্ধি পেতে সাহায্য করছে। এই সহায়ীকাটি একটি অত্যন্ত শক্তিশালী মাধ্যম যা ঈশ্বরের জীবন্ত বাক্যে উজ্জিবিত হয়ে বাইবেলীয় নীতিমালায় সমৃদ্ধ একটি রচনা যা ব্যক্তি, পারিবারিক, মান্ডলীক এবং বিশেষভাবে যেসব স্থানে আদৌ কোন মন্ডলী সংগঠিত হয়নি সেখানে নূতন মন্ডলী সংগঠনের জন্য কার্যকারী।"

এস সি সি সভাপতি; কম্বডিয়া

"প্রতিটি সংস্কৃতিতে মন্ডলী হলো খ্রীষ্টের অনিন্দনীয় স্ত্রী যিনি তার গৃহের সদস্যদের জীবনে রূপান্তর ঘটায়। এই প্রশিক্ষণটিতে বাইবেলীয় নীতিমালাগুলোর বাস্তব প্রয়োগ দেখানো হয়েছে।"

ড. এ্যালেন কীলার; গোল্ডেন গেইট ব্যাপ্টিস্ট থিয়োলোজিকাল সেমিনারী

"নূতন নিয়মে বর্ণিত মন্ডলীর সাথে বর্তমান সময়ের মন্ডলীর তুলনা করার জন্য মন্ডলীর জন্য ঈশ্বরের পরিকল্পনা বইটি একটি অসাধারণ সহায়ীকা। এটি সম্পূর্ণরূপে অপক্ষপাতমূলক এবং ১০০ ভাগ ঈশ্বরের বাক্যের উপর ভিত্তি করে নির্মিত। আমরা পরামর্শ এই বইটি মন্ডলীতে গ্রুপ স্টাডির পাশাপাশি ব্যক্তিগত ভাবে অধ্যায়ন করুন। আমি এগুলোর প্রয়োগ হতে দেখেছি এবং এর শক্তিশালী ফলাফল আমাকে অভিভূত করেছে।

মন্ডলী সংগঠক; দক্ষিণ আফ্রিকা

"এই কোর্সটিতে, টীম বুন মন্ডলী সংগঠকদের জন্য বাইবেলের দৃঢ় ভিত্তিগুলো তুলে ধরেছেন যার মাধ্যমে তারা স্বাস্থ্যকর, পুনঃউৎপাদক মন্ডলী সংগঠন করতে পারবেন। আমার একান্ত অনুরোধ যে শুধুমাত্র পড়ার জন্য নয় কিন্তু একজন মন্ডলী সংগঠকের দৃষ্টিকোন থেকে বইটি পড়বেন যেন শক্তিশালী কৌশল তৈরী করতে পারেন।"

ড. রবার্ট ভাজ্‌কো; ইন্টারন্যাশনাল চার্চ প্ল্যান্টার কন্সালটেন্ট

"ভাবতেই অবাক লাগে ঈশ্বরের আত্মা কি পরাক্রমী ভাবে এই সহায়িকার মধ্য দিয়ে তাঁর মন্ডলীকে পুনঃস্থাপন করার জন্য কাজ করে যাচ্ছেন।"

মন্ডলী সংগঠক; ভূটান

"গত পনেরটি বছর, আমি আমার ব্যক্তি জীবনে এবং পরিচর্যার ক্ষেত্রে বাইবেলীয় মতাদর্শগুলো অধ্যায়ন ও প্রয়োগ করেছি। কিন্তু এই সহায়িকাটি পরিচর্যার ক্ষেত্রে ব্যবহার করার পর আমি অধ্যাপক থেকে একজন বাইবেলীয় মন্ডলী সংগঠকে রূপান্তরিত হয়েছি।

মন্ডলী সংগঠক; কর্ণাটক, ভারত

"এই বইটির শেষে পৌঁছে প্রত্যেক প্রশিক্ষনার্থী মন্ডলী সংগঠনের জন্য বাইবেলীয় শিক্ষার ভিত্তিতে তাদের নিজেদের কৌশল তৈরী করতে সক্ষম হবে। এই সহায়ীকাটিতে খুবই সহজ প্রশিক্ষণ পদ্ধতি ব্যবহার করা হয়েছে। প্রশ্নগুলো এমন ভাবে উপস্থাপন করা হয়েছে যেন প্রশিক্ষণার্থীরা বাইবেলীয় সত্য খুঁজে বের করার জন্য প্রতিটি ক্ষেত্রে পবিত্র আত্মার উপর নির্ভরশীল হতে বাধ্য হয়। এই সহায়ীকার সবচেয়ে আকর্ষণীয় দিক হলো এটি খুবই বাস্তবসম্মত।"

মন্ডলী সংগঠক; নেপাল

ভিয়েতনামের মন্ডলীগুলোতে বিস্ময়কর প্রভাব বিস্তার করার জন্য ঈশ্বর এই সহায়িকাটি ব্যবহার করছেন। মন্ডলী সংগঠকদের জন্য এটি একটি সরল, সম্পূর্ণ এবং অত্যন্ত সহায়ক একটি প্রশিক্ষণ যার মাধ্যমে তারা নূতন মন্ডলী সংগঠন এবং বর্তমান মন্ডলীকে শক্তিশালী করতে পারেন।

মন্ডলী সংগঠক; ভিয়েতনাম

"এই প্রশিক্ষণ সহায়িকাটিই ছিল আমার পরিচর্যা ক্ষেত্রের মোর ঘুড়িয়ে দেবার কারণ। একজন মন্ডলী সংগঠক হিসেবে আমি আমার জন্য ঈশ্বরের প্রত্যাশার কথা জানতে পেরেছি এবং এখন আমি তাঁর পরিকল্পনা অনুসারে কাজ করছি। বর্তমানে তিনি প্রত্যন্ত গ্রাম থেকে সমগ্র দেশে এবং দেশ থেকে দেশান্তরে তাঁর মন্ডলী সংগঠন করে চলছেন। এই সহায়িকাটি আপনাকে সেসব বিষয়গুলো উৎঘাটন করতে সাহায্য করবে।

মন্ডলী সংগঠক; বাংলাদেশ

"দারুণ, এটি পুরোপুরি ঈশ্বরের বাক্যের উপর ভিত্তি করে তৈরী করা একটি সাহায়ীকা; বইবেলের বাইরে উল্লেখযোগ্য অসাধারন রচনাগুলোর মধ্যে মন্ডলীর জন্য ঈশ্বরের পরিকল্পনা নামক এই বইটি অন্যতম। ২,০০০ বছর ধরে মানুষ মন্ডলীর গায়ে যত প্রকার কালিমা লেপন করেছে, এটি সেই সকল কলিমা ধুয়ে মুছে পরিষ্কার করে মন্ডলীকে প্রৈরিতিক মন্ডলীর নীতিমালায় ফিরিয়ে নিয়ে গেছে। ঈশ্বর এই বইয়ের মাধ্যমে আমার মধ্যে কাজ করেছেন এবং আমি ভুটানের অসংখ্য মানুষের মধ্যে তাঁর কাজ হতে দেখেছি।"

মন্ডলী সংগঠক, ভূটান

"আমরা সুযোগ হয়েছিল মন্ডলীর জন্য ঈশ্বরের পরিকল্পনা সহায়ীকাটি অধ্যায়ন করার, এবং টীম বুন'এর পরিচালনায় একটি আত্মনিয়োগী দলের সাথে কাজ করার। আত্মিকতা এবং বস্তবাতা এই উভয় দিক দিয়েই এই কোর্সটি অত্যন্ত মূল্যবান। আমার প্রাত্যাশা প্রত্যেক মিশনারী এবং শিক্ষার্থী যেন তাদের সেমিনারের চূড়ান্ত কোর্সগুলোতে এই কোর্সটি পড়তে পারেন এবং মন্ডলী সংগঠনের জন্য বাইবেলীয় যে পদ্ধতি ঈশ্বর দিয়েছেন তা জানতে পারেন, আর কার্যক্ষেত্রে গিয়ে একজন অদম্য মন্ডলী সংগঠক ও পালক হতে পারেন।"

রেভা. জর্জ আত্তিয়েহ্, ব্যাপ্টিস্ট সেমিনারী, লেবানন

"ঈশ্বর আমার জীবন পরিবর্তন করার জন্য এই বইটি ব্যবহার করেছেন এবং আমার সাথের লোকদের বইবেল সম্বন্ধে গভীর ধারণা দিয়েছেন। আমাদের মন্ডলী দিন দিন বাইবেলে বর্ণিত সেই মন্ডলীর মত শক্তিশালী হয়ে উঠছে এবং এর কারণে অন্যান্য অনেকে আশির্বাদ লাভ করছে।"

ব্যবসায়ী এবং পালক, উত্তর ক্যারোলিনা

"এই সহায়ীকাটিতে আবহমান কালের সংস্কৃতি ধরে মন্ডলী সংগঠন এবং বর্তমান মন্ডলীকে শক্তিশালী করার জন্য ঈশ্বরের নীতিমালাগুলো খুব সুন্দর করে বুঝিয়ে বলা হয়েছে। এখানে কোন তোষামোদপূর্ণ, চাতুরীপূর্ণ, চাকচিক্যময় কিম্বা এমন কোন কথা লেখা হয় নি যা কিনা আগামী ১০ বছরের মধ্যেই অকেজো হয়ে পরবে, বরং ঈশ্বরের বাক্য এখানে পর্যায়ক্রমে অধ্যায়গুলোতে এমন সুবিন্যস্তভাবে সাজানো হয়েছে যেন ঈশ্বরের পরিবার হিসেবে বিশ্বাসীরা ব্যক্তিগত এবং মন্ডলীক জীবনে সঠিক পরিচালনা লাভ করতে পারেন।"

পালক, ইউএসএ

বিষয়বস্তুর সংক্ষিপ্ত সূচি

অধ্যায় ১ আমাদের চ্যালেঞ্জসমূহ - বাক্যে ফিরে যাওয়া পৃষ্ঠা ১৫

সদাপ্রভুর বাক্যের কাছে ফিরে যাওয়া এবং বাক্যের প্রাচুর্যতা ও কর্তৃত্বে গঠিত হওয়া

অধ্যায় ২ আমাদের চ্যালেঞ্জসমূহ - সদাপ্রভুর উদ্দেশ্য এবং পরিকল্পনা জানা পৃষ্ঠা ২৯

পৃথিবীকে সদাপ্রভুর মহিমাপূর্ণ জ্ঞানে পরিপূর্ণ করাই যে তাঁর মন্ডলীর লক্ষ্য তা জানা

অধ্যায় ৩ আমাদের চ্যালেঞ্জসমূহ - সদাপ্রভুর পরিকল্পনা বোঝা পৃষ্ঠা ৩৯

যেখানো কোন মন্ডলী নেই সেখানে নূতন মন্ডলী সংগঠন করা এবং বর্তমান মন্ডলীকে শক্তিশালী করাই যে সদাপ্রভুর পরিকল্পনা তা বোঝা

অধ্যায় ৪ আমাদের চ্যালেঞ্জসমূহ - বিশ্বস্ত পরিচালক গড়ে তোলা পৃষ্ঠা ৬৯

প্রথম শিষ্যদের মত সেরকম বিশ্বস্ত নেতা/ পরিচালক গড়ে তোলা যারা যীশুর জন্য পৃথিবীকে ওলট- পলট করে দিয়েছিলেন

অধ্যায় ৫ আমাদের চ্যালেঞ্জসমূহ - শক্তিশালী মন্ডলী গড়ে তোলা পৃষ্ঠা ৯১

শক্তিশালী মন্ডলী গঠনের ক্ষেত্রে খ্রীষ্টের অনুসারী, উত্তম মন্ডলী-সংগঠক, পৌলের পদাঙ্ক অনুসরণ করা

অধ্যায় ৬ আমাদের চ্যালেঞ্জসমূহ - সুশৃঙ্খল মন্ডলী গঠন করা পৃষ্ঠা ১২৭

ব্যক্তি ও পারিবারিক জীবনে বাইবেলীয় অনুশাসন অনুশীলনের মাধ্যমে সুশৃঙ্খল মন্ডলী গড়ে তোলা

অধ্যায় ৭ আমাদের চ্যালেঞ্জসমূহ - মন্ডলী সংগঠন এবং নবায়ণ কৌশল গড়ে তোলা পৃষ্ঠা ১৭৪

ঈশ্বরের বাক্যের উপর ভিত্তি করে মন্ডলী সংগঠন এবং নবায়নের জন্য আপনার নিজস্ব কৌশল তৈরী এবং প্রয়োগ করা

সম্পূরক অংশ এবং সহায়ক উপাদানসমূহের সংস্থান পৃষ্ঠা ১৮৩

বাইবেলের নীতিমালাগুলো সম্পর্কে আরও উচ্চতর জ্ঞান এবং বোধগম্যতা গড়ে তোলা যা শক্তিশালী মন্ডলী সংগঠন করমে এবং বর্তমান মন্ডলীকে নবায়ণ করতে সাহায্য করবে

প্রারম্ভিক নির্দেশনাসমূহ

যদি বিশ্বাস করেন যে মন্ডলীর জন্য ঈশ্বরের পরিকল্পনা পূর্ণ করার জন্য তিনি আপনাকে পরিচালনা দিচ্ছেন, তাহলে সে বিষয়ে নিচে কিছু নর্দেশনা উল্লেখ করা হয়েছে; আমরা আপনাদের বিশেষভাবে পরামর্শ দিচ্ছি যে সম্ভব হলে আপনি ব্যক্তিগত ভাবে এবং কোন সঙ্গির সাথে মিলে একসাথে কাজগুলো করতে থাকেন। নিচে উল্লেখিত প্রারম্ভিক নির্দেশনাসমূহ সমাপ্ত করতে পারলে আমরা আপনার সাথে মুখোমুখি দেখা করার একটা সুযোগ নিতে পারি এবং উল্লেখিত ব্যক্তিপর্যায়ের প্রয়োগীক কাজ এবং প্রজেক্টের কাজগুলো সম্পূর্ণ করতে পারি। ১৮২ পৃষ্ঠায় কোর্স সমাপ্তির সার্টিফিকেটের একটি অনুলিপি দেখতে পাবেন। আপনার যেকোন জিজ্ঞাসার জন্য আমাদের সাথে যোগাযোগের অনুরোধ রইল এই ঠিকানায় **newfoundationsinternational@gmail.com**

পড়ুন **লিখুন**

আলোচনা, প্রয়োগ এবং **প্রজেক্টের** অধিকাংশ কাজগুলোই আমাদের মুখোমুখি সাক্ষাতের সময়টাতে সম্পূর্ণ হবে। পাঠ **অধ্যায়ন, ধ্যান** এবং শূন্যস্থান পূরণ অংশ শেষ করার পর প্রতিটি অধ্যায়ের পাশের ফাঁকা জায়গায় অথবা vii-xi (৭- ১০) পৃষ্ঠায় 'পাঠ শেষ করার তারিখ' লিখবেন। আপনার যদি ছোট কোন দল বা অন্য কারও সাথে মিলে কাজ করার সুযোগ থাকে তবে আপনি **আলোচনামূলক** শুন্যস্থান অংশটি পূর্ণ করতে পারবেন। (**দ্রষ্টব্য: :** ১৮৬- ১৮৭ পৃষ্ঠায় **কীভাবে বাইবেল অধ্যায়ন করতে হয়** নামক সহায়ক উপাদানটি দেখুন)।

অনুগ্রহ পূর্বক আমাদের জানাবেন যে আপনি কোন সময়ের মধ্যে উপরুক্ত নির্দেশনাগুলো সম্পূর্ণ করবেন যেন আমরা আপনার সাথে মুখোমুখি সাক্ষাতের সমস্ত ব্যবস্থা করতে পারি। আমরা আপনার জন্য অবিরত প্রার্থনা করছি কারণ আপনি উপযুক্ত সময়ে পরাক্রমের সহিত, স্বাধীনভাবে এবং আনন্দের সাথে আমাদের ত্রাণকর্তার পক্ষে পরিচর্যা কাজ শুরু করতে যাচ্ছেন।

প্রশিক্ষণ সূচি: মন্ডলীর জন্য ঈশ্বরের পরিকল্পনা

আলোচনা	ব্যাখ্যা	কর্মশালা (ছোট দলে)	করণীয় কাজ	সময়
#১	ভূমিকা	ভূমিকা/ দেখে যাওয়া / দর্শন	অধ্যায় ১-৩	২ দিন
#২	ফিরে দেখা	অধ্যায় ১-৩	অধ্যায় ৪-৫	৩ দিন
#৩	ফিরে দেখা	অধ্যায় ৪-৫	অধ্যায় ৪-৫	৪ দিন
#৪	শুরু করা	অধ্যায় ৬-৭	"যাও"	৪ দিন

আলোচনা	ব্যাখ্যা	কর্মশালা (ছোট দলে)	করণীয় কাজ	সময়
#১	ভূমিকা	ভূমিকা/ দেখে যাওয়া / দর্শন	অধ্যায় ১-৪	২ দিন
#২	ফিরে দেখা	অধ্যায় ১-৪	অধ্যায় ৫-৬	৪ দিন
#৩	শুরু করা	অধ্যায় ৫-৭	"যাও"	৫ দিন

আলোচনা	ব্যাখ্যা	কর্মশালা (ছোট দলে)	করণীয় কাজ	সময়
#১	ভূমিকা	দেখে যাওয়া এবং অধ্যায় ১-৩	অধ্যায় ৪-৬	৫ দিন
#২	ফিরে দেখা এবং শুরু করা	অধ্যায় ৪-৭	"যাও"	৫ দিন

আলোচনা	ব্যাখ্যা	কর্মশালা (ছোট দলে)	করণীয় কাজ	সময়
#১	শুরু করার জন্য প্রস্তুতি গ্রহণ	অধ্যায় ১-৭	"যাও"	২৮-৩০ দিন

বিস্তারিত সূচি ও অগ্রগতির বিবরণ

বাক্যের শুরুতে শিরোনামের আগে প্রজেক্ট/ অধ্যায়ের পাঠ শেষ করার তারিখ লিখুন।

অধ্যায় ১

আমাদের চ্যালেঞ্জসমূহ: বাক্যে ফিরে যাওয়া **১৫**

পাঠ শেষ করার তারিখ

_____ **প্রজেক্ট ক:** উৎসাহদাতা ও বাধা দানকরীদের চিহ্নিত করণ ২৩

অধ্যায় ২

আমাদের চ্যালেঞ্জসমূহ: সদপ্রভুর উদ্দেশ্য এবং পরিকল্পনা জানা **২৯**

_____ **প্রজেক্ট খ:** ঈশ্বরের উদ্দেশ্য ও পরিকল্পনার প্রকাশ ৩০

অধ্যায় ৩

আমাদের চ্যালেঞ্জসমূহ: সদাপ্রভুর পরিকল্পনা বোঝা **৩৯**

_____ **প্রজেক্ট গ:** মূখ্য (Absolutes) ও গৌণ বিষয়গুলো বোঝার বিচক্ষণতা ৪০

_____ **অধ্যায় ১:** মন্ডলীর বিস্তৃতি: যিরূশালেম ৪২

_____ **অধ্যায় ২:** মন্ডলীর বিস্তৃতি: যিহুদীয়া ও শমরিয়া ৪৫

_____ **অধ্যায় ৩:** মন্ডলীর বিস্তৃতি: আন্তিয়খিয়া ৪৭

_____ **অধ্যায় ৪:** মন্ডলীর বিস্তৃতি: এশিয়া মাইনর ৫০

_____ **অধ্যায় ৫:** মন্ডলীর বিস্তৃতি: এজিয়ান উপসাগর তীরবর্তী এলাকা ৫৩

_____ **অধ্যায় ৬:** মন্ডলীর বিস্তৃতি: রোম সম্রাজ্য ৫৬

_____ **অধ্যায় ৭:** মন্ডলীর বিস্তৃতি: য়িরূশালেম থেকে পৃথিবীর প্রান্ত পর্যন্ত ৫৯

_____ **অধ্যায় ৮:** পৌলের প্রচার কৌশল ৬০

_____ **অধ্যায় ৯:** আন্তিয়খিয় মন্ডলীর আদর্শ ৬২

_____ **প্রজেক্ট ঘ:** আপনার নিজস্ব কৌশল তৈরী করুন ৬৬

অধ্যায় ৪

আমাদের চ্যালেঞ্জসমূহ: মন্ডলীতে বিশ্বস্ত নেতা গড়ে তোলা **৬৯**

_____ **অধ্যায় ১০:** প্রাথমিক মন্ডলীতে প্রেরিতদের মূল ভূমিকা ৭১

_____ **অধ্যায় ১১:** মূল নেতৃবর্গের প্রতি ঈশ্বরের আহ্বান ৮০

_____ **প্রজেক্ট ঙ:** বর্তমান সময়ের নেতৃত্ব গঠনমূলক প্রশিক্ষণের সাথে প্রাথমিক মন্ডলীর বৈসাদৃশ্য ৮৮

অধ্যায় ৫

আমাদের চ্যালেঞ্জসমূহ - শক্তিশালী মন্ডলী গড়ে তোলা **৯১**

_____ **অধ্যায় ১২:** মন্ডলী সংগঠন ও শক্তিশালীকরণ:
পৌলের পত্র ৯৬

_____ **অধ্যায় ১৩:** মন্ডলী সংগঠন: পৌলের আদি পত্রাবলি•
গালাতীয় ৯৮

_____ **অধ্যায় ১৪:** মন্ডলী সংগঠন: পৌলের আদি পত্রাবলি•
১ম এবং ২য় থিষলনীকীয় ১০০

_____ **অধ্যায় ১৫:** মন্ডলী সংগঠন: পৌলের আদি পত্রাবলি•
১ম করিন্থীয় ১০২

_____ **অধ্যায় ১৬:** মন্ডলী সংগঠন: পৌলের আদি পত্রাবলি•
২ম করিন্থীয় ১০৪

_____ **অধ্যায় ১৭:** মন্ডলী সংগঠন: পৌলের আদি পত্রাবলি•
রোমীয় ১০৬

_____ **অধ্যায় ১৮:** মন্ডলী সংগঠন: পৌলের মধ্যকালীন পত্রাবলি•
ইফিষীয় ১০৮

_____ **অধ্যায় ১৯:** মন্ডলী সংগঠন: পৌলের মধ্যকালীন পত্রাবলি•
ফিলিপীয় ১১০

_____ **অধ্যায় ২০:** মন্ডলী সংগঠন: পৌলের মধ্যকালীন পত্রাবলি•
কলসীয় ১১২

_____ **অধ্যায় ২১:** মন্ডলী সংগঠন: পৌলের মধ্যকালীন পত্রাবলি•
ফিলীমন ১১৪

_____ **অধ্যায় ২২:** মন্ডলী সংগঠন: পৌলের শেষকালীন পত্রাবলি•
১ তীমথিয় ১১৬

_____ **অধ্যায় ২৩:** মন্ডলী সংগঠন: পৌলের শেষকালীন পত্রাবলি•
তীত ১১৮

_____ **অধ্যায় ২৪:** মন্ডলী সংগঠন: পৌলের শেষকালীন পত্রাবলি•
২ তীমথিয় ১২০

_____ **প্রজেক্ট চ:** কীভাবে একটি মন্ডলী সম্পূর্ণভাবে সংগঠন করা যায় ১২২

_____ **অধ্যায় ২৫:** বাইবেলীয় বর্ণনানুসারে একটি সংগঠিত মন্ডলী ১২৩

_____ **প্রজেক্ট ছ:** নূতন নিয়মের বর্ণনানুসারে মন্ডলী সংগঠন ১২৫

অধ্যায় ৬

আমাদের চ্যালেঞ্জসমূহ - সুশৃঙ্খল মন্ডলী গঠন করা **১২৭**

_____ **অধ্যায় ২৬:** গৃহ ও পারিবারিক শৃঙ্খলা ১৩০

_____ **অধ্যায় ২৭:** খ্রীষ্টেতে আপনার জীবন ১৩২

_____ **অধ্যায় ২৮:** খ্রীষ্টের সাথে আপনার জীবন ১৩৫

_____ **অধ্যায় ২৯:** বিবাহের গুরুত্ব ১৩৮

_____ **অধ্যায় ৩০:** স্বামীদের ভূমিকা ১৪০

_____ **অধ্যায় ৩১:** স্ত্রীদের ভূমিকা ১৪২

_____ **অধ্যায় ৩২:** অভিভাবকদের ভূমিকা ১৪৪

_____ **অধ্যায় ৩৩:** সন্তানদের ভূমিকা ১৪৬

_____ **প্রজেক্ট জ:** পরিবারিক শৃঙ্খলা বজায় রাখা ১৪৮

_____ **অধ্যায় ৩৪:** সুসমাচারের পরিচর্যাকারীদের ভূমিকা ১৫০

_____ **অধ্যায় ৩৫:** পালক/ প্রাচীনবর্গ/ বিশপ/ অধ্যক্ষগণের ভূমিকা ১৫২

_____ **অধ্যায় ৩৬:** পরিচারকদের ভূমিকা ১৫৪

_____ **অধ্যায় ৩৭:** নারী ও পুরুষের ভূমিকা ১৫৬

_____ **অধ্যায় ৩৮:** বয়োজ্যেষ্ঠ পুরুষদের ভূমিকা ১৫৮

_____ **অধ্যায় ৩৯:** বয়োজ্যেষ্ঠ মহিলাদের ভূমিকা ১৬০

_____ **অধ্যায় ৪০:** যুবকদের ভূমিকা ১৬২

_____ **অধ্যায় ৪১:** যুবতীদের ভূমিকা ১৬৪

_____ **অধ্যায় ৪২:** বিধবাদের ভূমিকা ১৬৬

_____ **প্রজেক্ট ঝ:** মান্ডলীক শৃংখলা বজায় রাখা ১৬৮

আমাদের চ্যালেঞ্জসমূহ - মন্ডলী সংগঠন এবং
নবায়ণ কৌশল গড়ে তোলা **১৭৩**

_____ **প্রজেক্ট ঞ:** মন্ডলী সংগঠন ও নবায়নের জন্য আপনার নিজস্ব ব্যক্তিগত কৌশল তৈরী করুন ১৭৪

_____ **প্রজেক্ট প:** ১০ বছর মেয়াদী মন্ডলী সংগঠন এবং মন্ডলী নবায়ন কৌশল ১৭৯

সম্পূরক অংশ এবং সহায়ক উপাদানসমূহের সংস্থান **১৮২**

_____ **সমাপ্তি সার্টিফিকেট** ১৮২

_____ **পৌলের প্রচারযাত্রা** ১৮৪

_____ **কিভাবে বাইবেল অধ্যায়ন করতে হয়** ১৮৬

_____ **প্রভুর ভোজ** ১৮৮

_____ **জলে বাপ্তিস্ম** ১৯০

_____ **বিরোধ নিষ্পত্তি** ১৯২

_____ **দান এবং অর্থনৈতিক বিষয়াবলি** ১৯৫

_____ **একে অন্যকে পরিচর্যা করা (মন্ডলীর সভ্য-সভ্যা)** ১৯৭

_____ **জগত ও সরকারের সাথে সম্পর্ক** ১৯৯

_____ **সমকামিতা এবং সম-লিঙ্গের বিবাহ** ২০১

_____ **প্রেরিতদের পরিচর্যা কাজের পরিমাপ** ২০৩

_____ **মন্ডলী সংগঠকদের পরিচর্যা কাজের বাইবেলীয় ব্যাখ্যা** ২০৫

_____ **মন্ডলী সংগঠকদের অর্থনৈতিক সহযোগীতা** ২০৯

_____ **পালক/ প্রাচীনবর্গ/বিশপদের যোগ্যতা- পরিমাপ** ২১২

_____ **পরিচারকদের যোগ্যতা- পরিমাপ** ২১৫

স্বীকারোক্তি

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা, যীশু খ্রীষ্টের গৌরবের উদ্দেশ্যে ব্যবহৃত হবার জন্য আমি মন্ডলী সংগঠনের এই সহায়ীকাটি তৈরী করেছি। আমি খুবই আনন্দিত কারণ বিশ্বজুড়ে বিভিন্ন ভাষায় অনুদিত হওয়া এই সহায়ীকাটির পূর্ববর্তী সংস্করণের মধ্য দিয়ে বিভিন্ন মন্ডলীর নেতৃবর্গ এবং মন্ডলী সংগঠকগণ আশির্বাদ লাভ করেছেন। আমি বিশেষভাবে আমার প্রিয় ভ্রাতৃগণ, শেরম্যান ড্রীভার, টেরী ম্যানাহান, র‍্যান্ডি ম্যাথিউস্, এবং ট্র্যান কুয়োক বেকে ধন্যবাদ জ্ঞাপন করছি যারা আমার পাশে থেকে তাদের প্রজ্ঞা, উৎসাহ এবং সুসমাচারের অংশিদারিত্বের কর্তব্যে এই সহায়ীকাটি তৈরী করতে সাহায্য করেছেন।

আমি সুদীর্ঘ পরিচর্যার জীবনে রোলান্ড এ্যালেনের (১৮৬৮-১৯৪৭) মত ঈশ্বরভক্ত মহান ব্যক্তিত্বের বইগুলোর দ্বারা প্রভাবিত হয়েছি যিনি "মিশনারী মেথড- সেন্ট পৌল'স এন্ড আওয়ারস্?" এর মত মিশন সম্পর্কিত বইগুলো লিখেছেন। ["Missionary Methods - St. Paul's or Ours?" (Originally Published, London: Robert Scott 1912), (Download at: **http://www.newfoundationsinternational.org/training-resources.html).];** সেই সাথে, ডেভিড হেসেলগ্রেইভের, "প্ল্যান্টিং চার্চেস ক্রস-কালচারালি, নর্থ আমেরিকা এ্যান্ড বেয়ন্ড", [David Hesselgrave, *"Planting Churches Cross-Culturally, North America and Beyond"*]; বেইকার একাদেমিক, ২০০০, [Baker Academic, 2000,]; এবং জেন গেটস্, "শার্পেনিং দ্যা ফোকাস অব দ্যা চার্চ", ভিক্টর বুকু, ১৯৯৪. [Gene Getz, *"Sharpening the Focus of the Church"*, Victor Books, 1984.] এবং সমভাবে উল্লেখযোগ্য তাদের আরও কিছু লেখনি এখানে পাওয়া যাবে (শেষ মলাটে ডেভিড হেলেগ্রেইভ এবং জেন গেটসের্ সংযুক্তিগুলো দেখুন)। আমি হয়ত অসাবধানতা বসত অন্য লেখকদের কিছু অংশ ব্যবহার করে থাকতে পারি, তথাপি ইচ্ছাকৃত ভাবে সেসব অমূল্য লেখনীগুলোর প্রকৃত লেখকদের কৃতিত্ব কিম্বা অর্জনগুলোকে খর্ব করার কোন প্রয়াস ঘটাই নি।

এই সহায়ীকা থেকে যেকোন প্রকার উপার্জন লেখকের ব্যক্তিগত বা অন্য কারও লভ্যাংশ হিসেবে ব্যবহৃত হয় না। সমস্ত প্রকার উপার্জন ঈশ্বরের গৌরবের জন্য বিশ্বজুড়ে অনুবাদের কাজে ব্যবহৃত হবে।

টিম বুন

মুখবন্ধ

এটি আপনার বাইবেল স্টাডি গাইড কিম্বা সাধারণ পড়ার বইয়ের মত নয়! এই সহায়িকাটি তাদের পরিচালনা দান করে যারা ঈশ্বরের বাক্যকে তাদের হৃদয়ে কথা বলতে দেয় এবং অন্যদের থেকে ভিন্নভাবে জীবনে রূপান্তর ঘটার জন্য আকাঙ্খা করেন।

আমি ২০০৭ খ্রীষ্টাব্দে টিম বুনের সাথে এক মিশন ট্রীপে যোগদানের জন্য নিমন্ত্রণ পেয়েছিলাম। সেখানে আমাদের কাছে একটিই মাত্র প্রত্যাশা রাখা হয়েছিল- সেই দল ছেড়ে ফিরে যাবার আগে সমস্ত অধ্যায়গুলোর উপর কাজ করতে হবে। রাতের পর রাত জেগে জেগে যখন আমি বিভিন্ন প্রশ্ন এবং বাক্যের রেফারেন্সগুলো নিয়ে একাগ্রভাবে অধ্যায়ন করছিলাম, আমি একই সময়ে আনন্দ এবং মনঃকষ্টের তরঙ্গে উৎবেলিত আমার দু'চোখের অশ্রুজোয়ার ধরে রাখতে পারছিলাম না। আনন্দ ছিল, কারণ আমি ঈশ্বরের বাক্যের সত্য-সিদ্ধ নীতিমালাগুলো শিখছিলাম; মনঃকষ্ট ছিল, কারণ বিগত জীবনে যে নীতিমালাগুলো আমি শিখেছি, মান্ডলীক জীবনে সেগুলো আমি বিকৃত অথবা ভুল ভাবে প্রয়োগ করেছি।

এই বইয়ের অনন্য বিষয়টি হলো এটি ব্যক্তিগত ভাবে অধ্যায়নের মাধ্যমে মন্ডলী সংগঠনের পদ্ধতি/ কৌশল উদ্ভাবন করতে সাহায্য করে। কি শিখতে যাচ্ছেন সে বিষয়ে আপনি যখনই কোন সূত্র খুঁজে পাবেন, বাক্য তখনই পবিত্র আত্মার মধ্য দিয়ে আপনার সাথে কথা বলবে। এখানে মূল শিক্ষা সামগ্রী হলো বাইবেল। একজন শিক্ষক এবং পালক হিসেবে আমার অভিজ্ঞতা হলো, খুব অল্প সংখ্যক লোকই জানে যে বইবেলের দৃষ্টিকোণ থেকে মন্ডলী দেখতে কেমন হওয়া উচিৎ। অধিকাংশই নির্দিষ্ট বিষয়ের উপর লিখিত বই-পুস্তক ঘাটাঘাটি করে সে বিষয়ে ধারণা লাভ করা চেষ্টা করেন, কিন্তু বাক্যের একক কর্তৃত্বের উপর নির্ভরতা এবং বিশ্বাস স্থাপন করতে ব্যর্থ হন।

আমি একথা বহুবার উল্লেখ করেছি যে এই সহায়িকাটি আপনাকে ঈশ্বরের পরিকল্পনার বিস্তৃত চিত্র দেখতে সাহায্য করবে। গুটি কতক সত্যকে আকড়ে ধরে সেগুলোতে নিমগ্ন থাকলে এবং সেগুলোর সাথে সংযুক্ত সম্পূর্ণতাকে উপেক্ষা করে যাওয়াটাই স্বাভাবিক। আমাদের অবশ্যই সবসময় "ঈশ্বরের সমস্ত মন্ত্রণা" জানা উচিৎ (প্রেরিত ২০: ২৭)। এই লক্ষ্যে, আপনি প্রেরিত পুস্তকের মধ্য দিয়ে চলতে শুরু করবেন যেখানে আপনি প্রাথমিক মন্ডলীর "মূল নীতিমালাগুলো" উৎঘাটন করতে পারবেন। এই পর্যবেক্ষণের পর আপনি প্রাথমিক মন্ডলীর নেতৃত্বের ধরন, এবং নেতৃত্বের বৈশিষ্টসমূহ যা বাইবেলীয় নেতৃত্ব ধরে রাখতে এবং সংখ্যাবৃদ্ধি করতে ব্যবহৃত হয়েছিল সে সম্পর্কে অধ্যায়ন করবেন। এর পর ধারাবাহিকতা অনুসারে পৌলের চিঠিগুলো অধ্যায়ন করবেন। এদের প্রথম ছয়টি অনুগ্রহের বিশুদ্ধ সুসমাচারে দৃঢ় ভিত্তি স্থাপন করে; পরের চারটি সুসমাচারে মন্ডলীকে শক্তিশালী এবং সংহত করে তোলে, এবং শেষ তিনটি চিঠি থেকে ঈশ্বরের আকাঙ্খিত পরিবার সম্পর্কে জানা যায়।

এই সহায়ীকাটি শুরু থেকে শেষ পর্যন্ত আপনাকে চ্যালেঞ্জ ছুঁড়তে থাকবে যে আপনি যা উদ্ঘাটন করছেন সে চিন্তাগুলো আপনি কিভাবে আপনার ব্যক্তিগত, পারিবারিক, বৈবাহিক এবং পরিচর্যার জীবনে প্রয়োগ করবেন। প্রতিটি অধ্যায়ের গুরুত্বপূর্ণ বিষয়গুলো বাইবেল পদের উপর অধ্যায়ন করা হয় বলে সে বিষয়ে বইবেল কি বলছে তা বিস্তারিত ভাবে জানা যায়।

এই সহায়ীকার সবচেয়ে আকর্ষণীয় অধ্যায় হলো অধ্যায় সাত। যে শিক্ষার্থী ঈশ্বরের বাক্যের শিক্ষাগুলোকে গ্রহণ করবেন, এ পর্যায়ে এসে তিনি এসব নীতিমালাগুলোকে কাজে লাগিয়ে যেকোন সংস্কৃতি, সময় এবং পরিস্থিতিতে মন্ডলী সংগঠনের জন্য উপযুক্ত একটি কৌশল তৈরী করতে পারবেন। তিনি হয়ে উঠবেন অপ্রতিরোধ্য!

রোলান্ড এ্যালেনের প্রভাব অস্বীকার করা যায় না। তিনি বলেছেন, "নূতন বিশ্বাসী দলের জন্য আত্মার কর্তৃত্বে গঠিত হওয়া আবশ্যক যেন তারা অন্যদের সাহায্য ছাড়াই নিজে থেকে বহুগুণে বৃদ্ধি পেতে পারে। এটি যদি লোক-মন্ডলী হয়ে থকে, তবে মাটিতে রোপিত প্রথম বীজের মতই একে স্বতেজে অঙ্কুরিত হয়ে উঠতে হবে।" দ্যা স্পন্টেনিয়াস এক্সপ্যানশন অব দ্যা চার্চেস এবং দ্যা কজেস হুইচ হিন্ডার্স ইট। [*The Spontaneous Expansion of the Church and the Causes Which Hinder It.*] বিনামূল্যে ডাউনলোড করুন: **http://www.newfoundationsinternational.org/training-resources.html**

এই আত্মিক যাত্রা আপনার পূর্ব যেকোন অভিজ্ঞতার চেয়ে ভিন্নরকম হবে। যেহেতু আপনি এই শিক্ষাটি শুরু করতে যাচ্ছেন, আমার বিশ্বাস ঈশ্বরের আত্মা আপনার হৃদয়ে একটি স্বতঃস্ফূর্ত বৃদ্ধি দান করবেন। একসাথে কাজ করে আমরা পৃথিবীর প্রতিটি অনধিকৃত জাতিগোষ্ঠীর কাছে অনুগ্রহের সুসমাচার নিয়ে পৌঁছাতে পারব। আর এর পরই শেষ উপস্থিত হবে। (মথি ২৪: ১৪)।

শেরম্যান কে. ড্রীভার

ভূমিকা

আমি **'মন্ডলীর জন্য ঈশ্বরের পরিকল্পনা'** সহায়ীকাটির সাথে আপনাদের পরিচয় করিয়ে দিতে চাই। এটি মন্ডলী সংগঠন এবং মন্ডলী নবায়নের জন্য একটি সহায়ীকা এবং কার্যকারী বই। আমি বিশ্বাস করি যে বর্তমান সময়ের মন্ডলী এবং এর নেতৃবর্গের জন্য এই সহায়ীকাটি অত্যন্ত প্রাসঙ্গিক উপকরণ কারন:

- বাক্যের **কর্তৃত্ব এবং প্রাচুর্যতার** উপর ভিত্তি করে এটি একটি দৃঢ় ভিত্তি স্থাপন করে।
- **পবিত্র আত্মাকে স্বাধীন ভাবে কাজ** করার সুযোগ **করে দেয়।**
- মন্ডলী এবং পরিচর্যার ক্ষেত্র নবায়নের ক্ষেত্রে **পরিবারের গুরুত্ব তুলে ধরে।**
- পঞ্চাশত্তমী পরবর্তী সময়ে মন্ডলী জন্য ঈশ্বরের পরিকল্পনার নীতিমালাগুলোর বাস্তব চিত্র ব্যাখ্যা করে।
- মন্ডলী এবং নেতৃবর্গকে পৌলের মত খ্রীষ্ট-কেন্দ্রীক এবং আত্ম-টেকসই হয়ে উঠতে সাহায্য করে।
- **আবহমানকালের সার্বজনীন সংস্কৃতিতে** বাইবেলীয় **শক্তিশালী নীতিমালাগুলোর ব্যবহার।**
- বর্তমান সময়ের পরিবার এবং মন্ডলীগুলো যে ধরনের সমস্যার সম্মুখিন হচ্ছে তার **বাইবেলীয় সমাধান দেয়।**
- **আদর্শ নেতৃত্ব**, এবং **মন্ডলী সংগঠন ও নবায়ন** বিষয়ক শিক্ষা **দেয়;** এটি কিছু **"অপ্রতিরোধ্য"** পদ্ধতি বিষয়ে **শিক্ষা** দেবে যা দারিদ্রতা ও অত্যাচারের মধ্যেও কার্যকারী ভাবে এগিয়ে যেতে পারে।

এই সহায়ীকাটি কোন তত্ত্বগত কিম্বা পূর্ব-পশ্চিমা নতুন মতাদর্শ শিক্ষা দেবে না বরং প্রেরিত পুস্তকে বর্ণিত সর্বযুগে প্রয়োগযোগ্য এমন পরীক্ষিত পদ্ধতিগুলো শিক্ষা দেবে। এমন কোথাও লেখা নেই যে নতুন নতুন পদ্ধিতি প্রণয়ন করে বা পুরাতন পদ্ধতিগুলোর মান উন্নয়ণ করে শিক্ষা দিতে হবে! শুধুমাত্র খ্রীষ্ট এবং প্রেরিতদের উদাহরণগুলো অনুসরণ করে, পবিত্র আত্মার শক্তিতে, আপনি সফলতার সাথে একটি মন্ডলীকে সংগঠিত হতে এবং বৃদ্ধি পেতে দেখবেন। আপনি যখন ঈশ্বরের অন্বেষণ করেন, মনে দৃঢ় বিশ্বাস রাখবেন যে তিনিও আপনার সাথে কথা বলার জন্য আগ্রহী। তিনি আপনাকে উন্নত করার জন্য, আরও গেঁথে তোলার জন্য, শক্তিশালী ভাবে গড়ে তুলো সুপরিচালনা দান করার মধ্যমে আপনার পরিচর্যার ক্ষেত্রে তাঁর গৌরবের জন্য নতুন মন্ডলী সংগঠন এবং নবায়ন করার জন্য আগ্রহী।

অধ্যায় ১

আমাদের চ্যালেঞ্জসমূহ

বাক্যে ফিরে যাওয়া

"প্রেরিত পুস্তকের প্রচারমুখি নব্য মন্ডলীগুলোর যুক্তি এবং কৌশলের দিকে দৃষ্টিপাত করতে করতে আমি ক্রমাগত কৌতুহলী হয়ে পড়ছি এবং চ্যালেঞ্জ অনুভব করছি, যেহেতু আমার দর্শন হলো 'সমুদয় জাতিকে শিষ্য করা।' (মথি ২৮: ১৯)। ভেবে দেখুন প্রাথমিক মন্ডলীর আমাদের মত সংখ্যাগরীষ্ঠতার শক্তি ছিল না, কিম্বা প্রযুক্তিগত যে সুবিধা আমরা না চেয়েই পেয়ে থাকি তেমন কোন উপায় তাদের ছিল না, কিন্তু কেউ অবাক না হয়ে পারবে না যে শিষ্যদের ছোট দলটি কিভাবে তাদের সময় পৃথিবীতে এইরকম অসধারণ প্রভাব বিস্তার করেছিলেন। এর রহস্য কি ছিল? তাদের কৌশল থেকে আমরা কি শিখতে পারি?"

ডেভিড জ্যাক নিরিঙ্গিয়ে, উগান্ডা, আফ্রিকা

আলোচনার জন্য প্রশ্ন: ধরুন, এটি একটি গ্রুপ স্টাডি, এবার নিম্মোক্ত প্রশ্নগুলো আলোচনার জন্য ছোট ছোট দলে বিভক্ত হউন। শূন্যস্থানে আপনাদের আলোচনার সিদ্ধান্তগুলো লিখুন এবং সম্পূর্ণ দলের সামনে তা পেশ করুন।

আপনার কি মনে হয়, প্রাথমিক মন্ডলীর এরকম অসাধারণ প্রভাব বিস্তার করার এবং ছড়িয়ে পরার রহস্য কি ছিল?

প্রাথমিক মন্ডলীর কৌশল থেকে আমরা কি শিক্ষা পাই?

বাইবেল পৌলের দৃষ্টান্তগুলোর সাথে পরিচয়

নিচের ম্যাপটি দেখুন, যিরূশালেম থেকে রোম পর্যন্ত সুসমাচার প্রচারিত হতে কত সময় লেগেছিল? _____। হ্যা, মাত্র ২৫ বছর! এবার আপনাকে প্রশ্ন করি; আমেরিকা কিম্বা পৃথিবীর অন্য কোন দেশে এমন কোন মন্ডলীর বিষয় কি কিছু জানেন যারা বর্তমান সময়ে এরকম ভাবে এগিয়ে গেছে আর প্রভাব বিস্তার করেছে?

এবার ১৮৪-১৮৫ পৃষ্ঠার **সম্পূরক অংশে** যান এবং মানচিত্র দেখে দেখে খুঁজে বের করুন যে প্রায় ৪৭ খ্রীষ্টাব্দে আন্তিয়খিয়া থেকে শুরু করা তিনটি প্রচারযাত্রা সম্পূর্ণ করতে পৌলের কত বছর সময় লেগেছিল _____। অসাধারণ! আবারও ১৮৪-১৮৫ পৃষ্ঠার **সম্পূরক অংশে** যান এবং প্রতিটি মানচিত্রের নিচে দেখুন। এই তিনটি প্রচার যাত্রায় পৌল সর্বমোট কত মাইল অথবা কিলোমিটার পথ অতিক্রম করেছিলেন _____? হ্যা, প্রায় ৮,০০০ মাইল বা ১২,০০০ কিলোমিটারের বেশি। বর্তমান সময়ে আপনি এমন কাউকে চেনেন কি যিনি এরকম সুদীর্ঘ পথ ধরে এগিয়ে গিয়েছে এবং প্রভাব বিস্তার করেছে _____? পৌলের কোন মোটর সাইকেল ছিল না, ছিল না কোন গাড়ি, উড়োজাহাজ কিম্বা বৈদ্যুতিক সরঞ্জাম। অতএব, মন্ডলী স্থাপন, বৃদ্ধি এবং সম্প্রসারণের ক্ষেত্রে প্রাথমিক মন্ডলী এবং পৌলের কাজের চেয়ে ভাল আদর্শ খুঁজে পাওয়া দুষ্কর।



যিরূশালেম থেকে রোমের দুরত্ব প্রায় ৫,০০০ কিলোমিটার বা ৩,১০০ মাইল

দশ বছরের একটু বেশি সময়ের মধ্যেই পৌল গালাতীয়, মাকিদনীয়া, আখায়া এবং এশিয়া মাইনর, এই চারটি প্রদেশে মন্ডলী স্থাপন করেছিলেন। ৪৭ খ্রীষ্টাব্দের পূর্বে এসব প্রদেশে কোন মন্ডলী ছিল না, কিন্তু ৫৭ খ্রীষ্টাব্দের মধ্যে পৌল সেসব অঞ্চলে তার কাজ সম্পূর্ণের বিষয়ে রোমীয় ১৫: ১৯-২০ পদে উল্লেখ করেছেন।

বর্তমানে মন্ডলী সংগঠক, প্রচারক এবং প্রেরিতগণ হয়ত পৌলের চেয়ে বেশি সংখ্যক মানুষকে রূপারিত করছে, কিন্তু দুঃখজনক ভাবে খুব কম সংখ্যকই পারছে পৌলের মত বর্ধনশীল, পুনঃউৎপাদনশীল মন্ডলী গঠন করতে। অসংখ্য প্রেরিত ও মন্ডলী সংগঠক বাইবেলীয় পরিকল্পনা কিম্বা কৌশল ছাড়াই স্থানে স্থানে ঘুরে যাচ্ছেন। অধিকাংশ ক্ষেত্রেই, বর্তমান সময়ের প্রেরিত অথবা মিশনারীরা মন্ডলী সংগঠন ও স্থাপনের জন্য পৌলের পদ্ধতি বোঝেও না প্রয়েগের চেষ্টাও করে না।

তবে অনেকেই হয়ত বলবেন, "পৌলের সময়ের চেয়ে বর্তমান সময়ের পরিস্থিতি ভিন্ন।" সেক্ষেত্রে তাদের প্রশ্ন করা উচিৎ, "পৌলের সফলতার জন্য সে সময়ের পরিস্থিতি কি তাকে সাহায্য করেছিল?" বস্তুত, স্বীকার করতেই হবে যে বর্তমান বিশ্ব-পরিস্থিতির মতই পৌলের সময়ের রূপান্তরিত বিশ্বাসীরাও একই রকম সামাজিক পরিবেশে বেড়ে উঠেছিল। পৌলের সময়ে মনুষ্য-বলি খুব স্বাভাবিক প্রথা ছিল এবং অশুচি-আত্মা ও যাদু-বিদ্যার ব্যপক প্রচলন ছিল। তবে এটি ছিল খ্রীষ্টের অপরিবর্তনীয় আত্মার কাজ যিনি প্রেরিতগণকে সাহয্য করেছিলেন মানুষের হৃদয় থেকে এসব দুষ্ট-আত্মাগুলোকে তাড়াতে। ফাঁকা কথায় এই পরিত্রাণ লাভ করা যায় না, কিন্তু পবিত্র আত্মার শক্তিতে খ্রীষ্টের প্রভুত্ব প্রচার করার মাধ্যমেই এই বিজয় লাভ করা যায়। তাই, বস্তুনিষ্ঠভাবে তর্ক করা অসম্ভব যে আমাদের আজকের পরিস্থিতির তুলোনায় পৌলের সময়ের পরিস্থতি তাকে অধিক সুবিধা বা অসুবিধা দিয়েছিল; তবুও যদি বলতে হয়, স্বীকার করতেই হবে যে বর্তমানের তুলনায় সেসময়ের পরিস্থিতি বেশি প্রতিকূল ছিল।

'পৌলের মন্ডলী সংগঠনের কৌশল' ভূমিকার অংশ হিসেবে, আসুন আমরা বর্তমান সময়ে মন্ডলী সংগঠন পদ্ধতির সাথে সম্পর্কযুক্ত তার চারটি কৌশলের মূল উপাদানগুলো সংক্ষেপে অবলোকন করি:

প্রচার

পৌলের প্রচার ছিল সম্পূর্ণরূপে শুদ্ধ সুসমাচার ভিত্তিক: "কেবল যীশু খ্রীষ্টকে, এবং তাঁহাকে ক্রুশে হত বলিয়াই জানিব।" (১ করিন্থীয় ২:২), "কারণ উহা প্রত্যেক বিশ্বাসীর পক্ষে পরিত্রাণার্থে ঈশ্বরের শক্তি" (রোমীয় ১:১৬)। পৌলের প্রচারের একনিষ্ঠ বিষয় ছিল ক্রুশ যার সাথে অনুতাপ এবং বিশ্বাস জড়িত, যাতে কোন প্রকার দর্শন অথবা মনোবিজ্ঞান কিম্বা সংস্কৃতি-সংবেদনশীল প্রাসঙ্গিকতার সাথে আপোষকারী কোন বিষয় নেই। তার প্রচারে সব সময় প্রত্যাশার ইন্দোন ছিল (প্রেরিত ২৬: ২৭)। তার বক্তব্য দৃঢ় ছিল। লোকে তাকে প্রত্যাখ্যান করলে তিনিও খ্রীষ্টের মত (লূক ৯:৫) পায়ের ধূলা ঝেড়ে সে স্থান ত্যাগ করতেন এবং সমিহপূর্ণ হৃদয়ের খোঁজ করতেন যেখানে ঈশ্বর কাজ করছেন (প্রেরিত ১৩:৫১)। ঈশ্বর যেখানে কাজ করছেন না এমন জায়গায় যদি আমরা প্রচার কাজ চালিয়ে যাই তবে সেখানে শুধুমাত্র সেসব লোকদের জ্ঞান বৃদ্ধি করার মধ্য দিয়েই আমরা গৌরবান্বিত সুসমাচারকে অবমূল্যায়ীত করে থাকি।

পৌলের প্রচারের আরেকটি দিক ছিল যে তিনি একটি অঞ্চলের সব মানুষের কাছে ব্যক্তিগত ভাবে প্রচার করতেন না। বর্তমানে আমরা একক বা দল হিসেবে প্রচারক পাঠাই যেন তারা ব্যক্তিগত ভাবে সেই অঞ্চলের যত বেশি সম্ভব লোকের কাছে সুসমাচার নিয়ে পৌছাতে পারে। সুসমাচার ছড়িয়ে দিতে সমর্থ মন্ডলীর মধ্য দিয়ে প্রচার কাজ শুরু না করে আমরা পৌলের কৌশলগুলোকে অবহেলা করছি, ফলে ব্যক্তি এবং দলীয় সামর্থকে সীমিত করে দিচ্ছি। পৌলের লক্ষ্য ছিল পুনঃউৎপাদনশীল মন্ডলী স্থাপন করা যা প্রশাসনিক/ গুরুত্বপূর্ণ এলাকাগুলোতে খ্রীষ্টের জীবনের সাক্ষ্য বহন করবে (প্রেরিত ১১:২৬)। সেসব মন্ডলী বর্তমান সময়েও বিদ্যমান, কিন্তু আমরা কি আমাদের প্রচারমুখি কৌশলে সেগুলোকে কাজে লাগাচ্ছি? জ্ঞানবিস্তার এবং বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার কেন্দ্রস্থলে বা অঞ্চলে অবস্থিত সেসব মন্ডলীগুলো থেকেই সুসমাচার সবদিকে ছড়িয়ে পড়েছিল (১ থিষলনীকীয় ১:৬-৮)।

সংগঠন

পৌলের কৌশলের দ্বিতীয় উপাদান ছিল সংগঠন করা। পৌল লোক-মন্ডলী সংঘঠন করেছিলেন যেগুলো আত্ম-টেকসই এবং এককভাবেই দৃঢ়তার সাথে দাঁড়াতে সক্ষম। বইরের সাহায্যের উপর নির্ভর না করে এই মন্ডলীগুলো ঈশ্বরের উপর অধিক নির্ভরশীল ছিল এবং এই উদারতা শুধুমাত্র তাদের মধ্যেই সীমাবদ্ধ ছিল না বরং তারা অন্যান্য মন্ডলীগুলোকেও সাহায্য করত (২ করিন্থীয় ৮: ১-৫)। পৌল নিজেই নিজের জীবকা উপার্জন করে আদর্শ স্থাপন করেছিলেন আর এই কারণেই তিনি যেসব মন্ডলী সংঘঠন করেছিলেন সেগুলোও খুব দ্রুত আত্ম-টেকসই হতে শিখেছিল। নিজের পরিচর্যার ক্ষেত্র থেকে আর্থিক লাভ কিম্বা আর্থিক উদ্দেশ্য এড়িয়ে যাবার ক্ষেত্রে পৌল খুবই সতর্ক ছিলেন।

বর্তমানে, আমাদের অধিকাংশ মন্ডলী এবং প্রচারমুখি সংস্থাগুলো খ্রীষ্টের জীবন্ত দেহের অঙ্গ হয়ে ওঠার চেয়ে বরং অর্থনৈতিক প্রতিষ্ঠান হয়ে ওঠার দিকে বেশি ঝুকছে। আমরা প্রায়ই শুনে থাকি যে অর্থনৈতিক সহযোগীতার অভাবে প্রতিষ্ঠানগুলো মন্ডলী সংগঠন করতে, প্রচারাভিযান এগিয়ে নিতে, কিম্বা প্রশিক্ষণ কেন্দ্রগুলো কার্যক্রম অব্যহত রাখতে ব্যর্থ হচ্ছে কারণ তারা প্রভুর উপর নির্ভর না করে অর্থের উপর নির্ভর করা শিখে গেছে।

অর্থনৈতিক সহযোগীতা এমন ধর্মীয় কাঠামো সৃষ্টি করে যা পরবর্তকালে সেইসব নব-বিশ্বাসীদের জন্ম দেয় যারা প্রভু এবং পবিত্র আত্মার উপর নির্ভরশীল না হয়ে অর্থের উপর নির্ভরশীল হতে শিখে।

প্রথাগতভাবে এমন ধারণার প্রচলন ঘটে গেছে যে মন্ডলী তখনই স্থায়ী হবে যখন এর একটি নিজস্ব জমি, একটি নির্মিত ভবন, অথবা নিশ্চিত অর্থনৈতিক সহায়তা প্রাপ্তির উৎস থাকবে। আমদের একটি নিরাপদ ভবন, অথবা পর্যাপ্ত অর্থনৈতিক সহায়তার নিশ্চয়তা থাকলে আমরা মনে করি যে আমাদের মন্ডলী বা প্রচারকাজ যথাযথভাবে সংগঠিত হয়েছে এবং এতে ঈশ্বরের অনুমোদন রয়েছে। বাস্তবে, আত্মিক ফল উৎপাদনের ক্ষেত্রে বিল্ডিং এবং অর্থের কোন ক্ষমতাই নেই, প্রকৃতপক্ষে এগুলো আর্থিক ফল লাভে বাধা সৃষ্টি করে।

গেঁথে তোলা

গেঁথে তোলা ছিল পৌলের কৌশলের তৃতীয় উপাদান। সাধারণত পৌল একটি স্থানে কয়েক মাস প্রচার করেছেন এবং সংগঠিত লোক-মন্ডলী যখন বৃদ্ধি ও সম্প্রসারণ লাভ করতে সক্ষম হয়েছে তখন তাদের রেখে এগিয়ে গেছেন। কোন কোন মন্ডলীতে তিনি পরিচর্যাকারী ভক্তদের গেঁথে তোলার জন্য যোগ্যতাসম্পন্ন প্রাচীনদের রেখে গেছেন। এই প্রক্রিয়ায় গুরুতর ঝুকির সম্ভাবনা থাকত, কিন্তু খ্রীষ্ট এবং পবিত্র আত্মার উপর পৌলের এতই বিশ্বাস ছিল যে তিনি এইসব ঝুকি নিতে সঙ্কুচিত হন নি। অধিকাংশ সময় পৌল নতুন মন্ডলীগুলো এবং প্রাচীনবর্গকে সুসমাচার শিক্ষার সরল পদ্ধতি, **তত্ত্বাবধান বা পালকীয় দায়িত্ব** এবং দুটি অধ্যাদেশ বিষয়ে শিক্ষা দানে পরিপক্ক করে এগিয়ে যেতেন। (সম্পূরক অংশ দেখুন, **জলে বাপ্তিস্ম** এবং প্রভুর ভোজ- পৃষ্ঠা ১৮৮- ১৯১) তবে সমবেত বা সভাস্ত হবার বিষয়ে তিনি কোন মডেল/ সাধারণ শিক্ষা দেন নি।

পৌল অতি সাধারণ লোকদের শিক্ষা দিতেন, এমন অনেক লোক ছিল যারা পড়তে পারত না, তাদের কাছে তিনি পুরাতন নিয়ম থেকে এবং প্রথম প্রেরিতগণের স্ব-চোক্ষে দেখা ও নিজ কানে শোনা সাক্ষ্যগুলো তুলে ধরতেন। সহজভাবে এবং সাহসের সাথে সুসমাচার শিক্ষা দেওয়াই ছিল তার প্রচারের শক্তি। তার জীবনকালেই মন্ডলী নিজে থেকে চিন্তা করতে, বলতে এবং পরিচর্যা করার সামর্থ লাভ করেছিল, যদিও তখনও তাদের পরিচালনা এবং বৃদ্ধি প্রাপ্তির জন্য পরিচর্যার প্রয়োজন ছিল। তিনি প্রাচীনদের প্রয়োজনীয় প্রাথমিক গুনাবলিসম্পন্ন করে মন্ডলীতে রেখে যেতেন যেন তারা ভক্তগণকে পরিচর্যা ক্ষেত্রের জন্য গেঁথে তুলতে পারেন। (ইফিষীয় ৪: ১১-১২)।

অধিকাংশ ক্ষেত্রেই, বর্তমান মন্ডলীগুলো মন্ডলীর সংগঠক কিম্বা সেখানে পরিচর্যাকারী 'একক পালকের' উপর নির্ভরশীল হয়ে উঠেছে। প্রায়ই নতুন বিশ্বাসীরা প্রজন্মের পর প্রজন্ম ধরে একজন পালক বা প্রচারকের উপর নির্ভর করে থাকে। পৌল যে সময়ে মন্ডলীগুলোকে রেখে এগিয়ে যেতেন, মন্ডলীর নেতৃবর্গ তখন তাদের যথার্থ দায়িত্ব পালনের সুযোগের দিকে এক ধাপ এগিয়ে আসতেন, তারা নিজেরা বুঝতে পারতেন যে পৌলের উপর নির্ভরশীল হয়ে থাকলে বৃদ্ধি পাওয়া কখনও সম্ভব নয়।

বর্তমানে আমরা বিশ্বাসীদের পবিত্র আত্মার দেওয়া দানগুলো ব্যবহার কারার বিষয়ে প্রশিক্ষণ দিচ্ছি না। আমরা নেতাদের বুদ্ধিগত যোগ্যতাকে অধিক প্রাধান্য দেই এবং তাদের প্রাতিষ্ঠানিক শিক্ষার কৃত্রিম মানদন্ডের উপর নির্ভর করি। এমনকি এই যুগের অধিকাংশ ক্ষেত্রে পরিচর্যা এবং নেতৃত্বের জন্য পার্থিব এই মানদন্ডগুলোকে অপরিহার্য যোগ্যতা হিসেবে বিবেচনা করা হয়।

নতুন মন্ডলীর উচিৎ স্বাবলম্বি হওয়া এবং আরও অধিক গুরুত্ব সহকারে ঈশ্বরের উপর নির্ভরশীল হওয়া। বর্তমানে কোন মিশনারী যদি পৌলের মত করে মন্ডলী সংগঠন করে, তার পদ্ধতিকে হয়ত নিষ্ফল এবং বেপরোয়া কাজ বলা হবে। তথাপি বাস্তবতা কিন্তু পরিষ্কার; পৃথিবীর ইতিহাসে পৌল ছিলেন সবচেয়ে সফল মন্ডলী সংগঠক।

প্রসারণ

পরিশেষে, পৌলের প্রসারণ কৌশল ছিল পবিত্র আত্মার নেতৃত্বের ফল (প্রেরিত ১৩:১-৪)। এটি খুব চমৎকার বিষয় যে পঞ্চাশত্তমীর দিনে পবিত্র আত্মার অবতরণের মধ্য দিয়ে সুসমাচার কিভাবে যিরূশালেম থেকে পৃথিবীর বিভিন্ন স্থানে ছড়িয়ে গিয়েছিল। এই নতুন বিশ্বাসীরা প্রকৃতভাবে, আমরা বলতে পরি "অতিপ্রকৃতভাবে," সুসমাচার প্রচারক হয়েছিল। কেন? কারণ প্রেরিত পুস্তকের বর্ণনায় আমরা দেখি যে লোকেরা পবিত্র আত্মা লাভ করে অন্যদেরকে যীশুর পরিত্রাণের সুখবর জানানোর জন্য উৎসাহি হয়ে উঠলেন। ইতিহাস সাক্ষ্য দেয়, হেইস্ট্যাক থেকে শুরু করে গ্রেইট এ্যাওয়েকেনিংস্,

ওয়েল্‌শ অথবা দক্ষিণ কোরিয়া'র মহা-জাগরণ গুলো মহান আদেশের প্রতি বাধ্যতা এবং সুসমাচার প্রচারের কারনে ঘটেছিল। এতে আশ্চর্য হবার কিছু নেই যেহেতু আমরা যে আত্মাকে লাভ করি তিনি মিশনারী আত্মা- যীশুর আত্মা যিনি হারানো পুত্রদের মুক্ত করে পিতার কাছে নিয়ে যেতে পৃথিবীতে এসেছিলেন। আমরা প্রেরিত পুস্তক থেকে শিখব কিভাবে গালাতীয়ায় মন্ডলীগুলো বিশ্বাসে শক্তিশালী হয়ে উঠছিল এবং সংখ্যায় বৃদ্ধি পেয়েছিল, আর কিভাবে ঈশ্বরের বাক্য মাকিদনিয়া এবং আখায়া থেকে থিষলনীকী, এবং সুসমাচার ইফিষ থেকে প্রতিবেশী দেশগুলোতে ছড়িয়ে গিয়েছিল (১ থিষলনীকীয় ১: ৫-৯)।

পৌল স্বেচ্ছায় আত্মসমর্পণকারী বিশ্বাসীদের খ্রীষ্টের আত্মার গুরুত্ব বুঝতে পরিচালনা দান করেছিলেন। তিনি তাদের জন্য খ্রীষ্টের মনোভাব প্রকাশকারী একটি উদাহরণ স্থাপন করেছিলেন। পৌলের প্রেরণা ছিল যে তার হৃদয়ে বসবাসকারী খ্রীষ্টের আত্মা তাঁর ক্ষমতা এবং চেতনায় মন্ডলীকে বৃদ্ধি পেতে সাহায্য করবেন। আমার বিশ্বাস, মন্ডলীর ভিত্তি যদি ঠিক ভাবে গঠিত না হয়, তবে মন্ডলীর প্রচারমুখি আত্মা নিবে যায় এবং তা একটি অচল মন্ডলীতে পরিণত হয়। এই কারণে বাধ্যতামূলক ভাবে এটি পৌলের প্রমাণিত আদর্শ এবং প্রশিক্ষণের পদ্ধতি হিসেবে ব্যবহার করা হয়েছে; আমাদের বলা হয়েছে পৌলকে অনুকরণ করতে যেভাবে তিনি খ্রীষ্টকে অনুসরন করেছেন (১ করিন্থীয় ১১:১)।

বর্তমানের অধিকাংশ মন্ডলী, প্রেরিত পুস্তকে বর্ণিত প্রাথমিক মন্ডলীগুলোর তুলনায় নিশ্চল এবং দুর্বল। এযুগের মন্ডলী এবং পরিচর্যার ক্ষেত্রে সমস্যার অন্যতম তিনটি লক্ষণ নিচে তুলে ধরা হলো। প্রথমে আমরা এই লক্ষণগুলো পর্যবেক্ষণ করব এবং এরপর সমস্যাগুলোর সমধান খোঁজার জন্য ২১ পৃষ্ঠায় সেগুলো নিয়ে আলোচনা করব।

১. প্রাথমিক মন্ডলীর তুলনায় সমাজে এবং বাইরে এর প্রভাব খুব কম (প্রেরিত ১৭:৬)। বেশির ভাগ মন্ডলী পুনঃউৎপাদনশীল নয়, শিষ্যত্ব বৃদ্ধি পাচ্ছে না এবং প্রাথমিক মন্ডলী যেভাবে প্রভুর বাক্য ছড়িয়ে দিয়েছিল সেরকম করতে ব্যর্থ হচ্ছে (প্রেরিত ৬:৭)। ১৬ পৃষ্ঠার মনচিত্রটি পুনরায় দেখুন এবং ভৌগলিক ভাবে সুসমাচার ছড়িয়ে পড়ার অগ্রগতির সাথে উল্লেখিত তারিখগুলো লক্ষ্য করুন।

২. আমরা সত্যিকারের লোক-মন্ডলী সংগঠন করতে ব্যর্থ হয়েছি। পশ্চিমা দেশগুলোর বাইরে, অধিকাংশ দেশে খ্রীষ্ট বিশ্বাসকে একটি বিদেশি বা পশ্চিমা ধর্ম বলে মনে করা হয়। নিচের ডায়াগ্রামে এই সমস্যাটি ব্যাখ্যা করা হয়েছে। উদাহরণস্বরূপ, প্রাথমিক যিহুদী মন্ডলীর যিহুদীরা চেয়েছিল পরজাতীয়রা যেন রাজ্যে প্রবেশের অধিকার লাভ করার জন্য যিহুদী হয়। একই ভাবে বর্তমান পশ্চিমা মন্ডলীর প্রেক্ষাপটে, গুটিকতক মিশনারী ইচ্ছাকৃত ভাবে, কিম্বা অনিচ্ছাকৃতভাবেই হোক, নতুন বিশ্বাসীদের মন্ডলী বা রাজ্যে অন্তর্ভুক্ত করার জন্য পশ্চিমা সংস্কৃতি অনুশিলনে প্রলোভিত করে। (পরবর্তী পৃষ্ঠার ব্যাখ্যা দেখুন।)

ব্যাখ্যা: প্রাথমিক মন্ডলীর সময়ে মন্ডলী বা রাজ্যভুক্ত হবার জন্য পরজাতীয়দের যিহুদী হবার বিষয়ে পৌল কঠোর দ্বিমত পোষণ করেছিলেন। যেসব মতাদর্শ অনুগ্রহের সুসমাচার বিষয়ে বিভ্রান্তি সৃষ্টি করেছে তা ভ্রান্ত বিশ্বাস বলে প্রতিপন্ন হয়েছে। পৌল শিক্ষা দিয়েছিলেন কেবলমাত্র খ্রীষ্টে "বিশ্বাস"ই যেকোন ব্যক্তিকে তাঁর রাজ্যে প্রবেশের যোগ্য করে তোলে। অনুগ্রহের উপর পৌলের দৃঢ় বিশ্বাসই বিশ থেকে ত্রিশ বছরের মধ্যে সুসমাচারের বীজ যিহুদী প্রেক্ষাপট থেকে পরজাতীয়দের প্রেক্ষাপটে সরিয়ে এনেছিল। (গালাতীয় ১: ৬-৯)। বর্তমানে, এমন অনেক দেশ আছে যেখানে সুসমাচারের বয়স শত বছরেরও বেশি অতিবাহিত হয়ে যাবার পরও তা তাদের স্বদেশীয় হয়ে ওঠেনি।

অতএব, বিশুদ্ধ সুসমাচারের প্রতি পৌলের দৃঢ় অবস্থানের ফলস্বরূপ, সুসমাচার যিরূশালেমের যিহুদী প্রেক্ষাপট থেকে বেড়িয়ে পৃথিবীর সকল জাতির কাছে দ্রুত ছড়িয়ে গিয়েছিল। আবারও ১৬ পৃষ্ঠার মানচিত্র আর তারিখগুলোর দিকে লক্ষ্য করুন। আধুনিক সময়ের মিশন অনিচ্ছাকৃতভাবে এবং যত্নের সাথে আমাদের বুঝিয়ে দিচ্ছে, অথবা একটু আভাষ দিয়ে বোঝাতে চাচ্ছে যে মন্ডলীর মত মন্ডলী হবার জন্য নতুন বিশ্বাসীদের অবশ্যই পশ্চিমা মন্ডলীর মত হওয়া চাই। যদিও সদাপ্রভু আধুনিক সময়ের মিশনগুলোকে ব্যবহার করেছেন এবং করে চলছেন, তথাপি বুঝতে কোন অসুবিধা হয় না যে পশ্চিমা সংস্কৃতি এবং পদ্ধতি লোক-মন্ডলী বৃদ্ধির ক্ষেত্রে, প্রধানত তৃতীয় বিশ্বের জাতিগোষ্ঠীর জন্য ব্যাপক আকারে বাধা সৃষ্টি করছে।

৩. তৃতীয় বিশ্বের অধিকাংশ মন্ডলী এবং মিশনগুলো আত্ম-টেকসই নয়। অনেকেই তাদের নিজেদের প্রয়োজনগুলো পূরণ না করতে পেরে বৈদেশিক সাহায্য ও সম্পদের জন্য আবেদন করে। একটি অবাস্তব এবং বাইবেল বহির্ভূত আশঙ্কা বিরাজমান আছে যে বৈদেশিক সাহায্য ব্যতিত তাদের মন্ডলী এবং প্রচারকাজ যেকোন সময়ে বন্ধ হয়ে যাবে। নিচের ডায়াগ্রামে ইউএসএ এবং এশিয়ার একটি উদাহরণ ব্যবহার করা হয়েছে, যা অর্থের উপর নির্ভরতার চিত্র প্রকাশ করে। আমরা আপনাকে গুরুত্বের সাথে ১৯৫-১৯৬ পৃষ্ঠার, **"দান এবং অর্থনৈতিক বিষয়াবলি"** নামক সম্পূরক অংশ অধ্যায়ন করার পরামর্শ দিচ্ছি।

ছবিতে যেমন দেখছেন, যখন কোন পরিচর্যা, প্রচারকাজ বা মন্ডলী অর্থের উপর নির্ভর করে গঠিত হয়, তখন অর্থই তার জীবন-সঞ্চালক হয়ে উঠতে পারে। একারণে অর্থ সরবরাহ বন্ধ হয়ে গেলে পরিচর্যা কাজও বন্ধ হয়ে যায়। অর্থ তখন পবিত্র আত্মার বিকল্প হয়ে ওঠে ফলে ঈশ্বরের পরাক্রমী শক্তি ক্ষমতাহীন ও অকার্যকর হয়ে যায়। মন্ডলী পবিত্র আত্মার সাথে যুক্ত থাকলে অপ্রতিরোধ্য, আত্ম-টেকসই এবং একটি পরাক্রমী বাহিনী হয়ে ওঠে এবং নরকের শক্তি তাকে আটকাতে পারে না (মথি ১৬: ১৮)। নোট: এই কোর্সটির একটি অন্যতম লক্ষ্য হলো আপনাকে খ্রীষ্টের পথে ফিরিয়ে আনা, পবিত্র আত্মা এবং প্রেরিতদের পথে চলতে শেখানো যেন বর্তমান সময়ের মন্ডলী এই ধরনের পরনির্ভরশীলতা থেকে মুক্ত হয়ে একটি অপ্রতিরোধ্য বাহিনীর মত সমগ্র পৃথিবীতে চলতে পারে। থিষলনীকীয় মন্ডলীর কাছে প্রেরিত পৌলের এই আকাঙ্খা ছিল যে তারা যেন অবিশ্বাসীদের কাছে আদর্শস্বরূপ হয়ে ওঠে এবং শুধুমাত্র পবিত্র আত্মা ব্যতীত **"আর কারও উপর নির্ভরশীল হয়ে না থাকে"** (১ থিষলনীকীয় ৪:১২)। মনে রাখবেন, আপনি যদি একটি গতানুগতিক "পশ্চিমা মন্ডলী" সংগঠন করতে চান, তবে আপনার অর্থের প্রয়োজন পরবে।

প্রাথমিক মন্ডলীর সাথে বর্তমান যুগের মন্ডলীর বৈপরীত্য

এই প্রশ্নগুলো একসাথে আলোচনা করুন (যদি অন্যদের সাথে আলোচনার সুযোগ থাকে) এবং আপনাদের সিদ্ধান্ত শূন্য স্থানে লিখুন। আপনার সমালোচনামূলক চিন্তা এবং জিজ্ঞাসাগুলো উত্থাপন করতে ভীত হবেন না।

১) বর্তমান যুগের অধিকাংশ মন্ডলী কেন প্রাথমিক মন্ডলীর মত প্রভুর বাক্য ছড়িয়ে দিয়ে খ্রীষ্টের জন্য পৃথিবীকে ওলোট-পালট করে অগ্রসর হতে এবং প্রভাব বিস্তার করতে পারছে না? _____

_____

_____

_____

২) পবিত্র আত্মার অনুপস্থিতিতে আপনার মন্ডলী বা পরিচর্যাকাজ কি চলতে পারতো? যদি চলত তবে কি ধরনের ভিন্নতা লক্ষ্য করা যেত? _____

_____

_____

৩) কেন আমরা লোক-মন্ডলী এবং পরিচর্যার ক্ষেত্র সংগঠন করে আশানুরূপ সফলতা লাভ করতে পারছি না যেমনটি প্রাথমিক যিহুদী মন্ডলী পরজাতীয়দের মধ্যে মন্ডলী সংগঠন করে সেখান থেকে সমগ্র পৃথিবীতে ছড়িয়ে গিয়েছিল? _____

_____

_____

_____

_____

৪) কেন বর্তমান কালের সিংহভাগ মন্ডলী, পরিচর্যার ক্ষেত্র এবং প্রচার কাজ পৌলের সংগঠিত মন্ডলীর মত আত্ম-টেকসই হয়ে উঠতে পারছে না? _____

_____

_____

_____

*আমাদের অনেক অনুসন্ধান থাকতে পারে, তথাপি ঈশ্বর বর্তমান যুগে অবিরত কাজ করে যাচ্ছেন যা মন্ডলীর ইতিহাসে কখনো **হয়নি**। কি অসাধারণ সময়ে আমরা বসবাস করছি! বর্তমানে পুরো পৃথিবীতে বৃহৎ পরিসরে "মন্ডলী সংগঠনের আন্দোলন" চলছে এবং ঈশ্বর আপনাকেও এই আন্দোলনে যোগদানের জন্য আহ্বান করছেন। চলুন, সর্বপ্রথমে "মন্ডলী সংগঠনের আন্দোলন" বিষয়ে ধারণা লাভ করা যাক:*

মন্ডলী সংগঠনের আন্দোলন হলো স্বজাতীয় শিষ্যত্ব এবং সংগঠক মন্ডলীর ত্বরিত সংখ্যাবৃদ্ধির একটি আন্দোলন। এই আন্দোলন সুসমাচার প্রচারকদের মধ্য দিয়ে পরিবার, জাতিগোষ্ঠিকে প্রভাবিত করে সাধারণত প্রচারকদের প্রচারসীমার বাইরেও ছড়িয়ে যায়। শুধুমাত্র প্রৈরিতিক মন্ডলীই নয় কিন্তু আধুনিক যুগে চীনের আন্দোলনও এর একটি উত্তম উদাহরণ। কয়েক বছর আগে চীনে হাডসন টেইলর (১৮৩২-১৯০৫) নামে একজন মিশনারী চীনে সুসমাচার প্রচার করেছিলেন, আর বর্তমানে সেখানে ঈশ্বরের মন্ডলী সংগঠনের আন্দোলন অসাধারণ গতিতে কোন প্রকার পশ্চিমা প্রভাব ছাড়াই এগিয়ে যাচ্ছে। এখন চলুন, মন্ডলী এবং রাজ্যের বৃদ্ধি বিষয়ে বাইবেলীয় শিক্ষার দিকে দৃষ্টিপাত করি।

প্রথমত, ঈশ্বরের রাজ্য বিষয়ে যীশুর শিক্ষা থেকে স্পষ্ট বোঝা যায় যে তিনি এক্ষেত্রে মন্ডলীর নাটকীয় ও অসাধারণ বৃদ্ধি আশা করেন। এরকম অনেকগুলো দৃষ্টান্তের মধ্যে অন্যতম একটি হলো মথি ১৩: ৩১-৩২ পদে উল্লেখিত সরিষা দানার দৃষ্টান্ত। অধিকাংশ বীজের মধ্যে সরিষা বীজ সবচেয়ে ছোট, কিন্তু এটি যখন বপন করা হয়, তা বাগানের অন্যান্য গুল্মের (মধ্যম আকারের গাছ) চেয়ে বড় হয়ে ওঠে এবং অধিক বীজ ফলায়। একটি ক্ষুদ্র বীজের পরিণতি হিসেবে একটি বৃহৎ আকৃতির গাছ পাওয়া যায়।

দ্বিতীয়ত, খ্রীষ্ট ইঙ্গিত দিয়েছিলেন যে সুসমাচারের বীজ জনগোষ্ঠির লোক-সংস্কৃতি অনুযায়ীই রোপন করতে হবে, যেমনটি পূর্বে আলোচনা করা হয়েছে। বার্মার একজন ভাই আমাকে বলেছিলেন যে আমরা বীজের পরিবর্তে টবে রোপিত পুরো ফুল গাছটিই নিয়ে এসেছি। মথি ১৩:৩৩ পদে "বৈশ্বিক চিত্র" তুলে ধরা হয়েছে যেখানে সুসমাচারকে তাড়ী এবং সংস্কৃতিকে ময়দার ডো'র সাথে তুলনা করা হয়েছে। সেই সুসমাচাররূপ তাড়ী একটি ময়দার ডো'তে মাখানো হয়েছে আর সেই অল্প পরিমাণ তাড়ীই পুরো ডো'কে তাড়ীময় করে তুলেছে। আমরা ইতিমধ্যে প্রেরিত পুস্তকে বর্ণিত মিশ্র-সংস্কৃতির কিছু বিষয় নিয়ে আলোচনা করেছি যেখানে দেখানো হয়েছে যে বিশ থেকে ত্রিশ বছরের মধ্যে যিহুদী সংস্কৃতির মন্ডলী পরজাতীয়দের সংস্কৃতির মন্ডলীতে রূপান্তরিত হয়ে গিয়েছিল। তথাপি বর্তমানে, শত শত বছর পরে এসেও খ্রীষ্ট ধর্ম একটি বিদেশী কিম্বা পশ্চিমা ধর্মই রয়ে গেল, বিশেষ ভাবে ১০-৪০ জানালার অন্তর্গত দেশগুলোর কাছে (৩১ পৃষ্ঠার ম্যাপ দেখুন), যেখানে অধিকাংশ অনধিকৃত জাতিগোষ্ঠির বসবাস।

খ্রীষ্ট বিশ্বাসকে যখন বিদেশী বিশ্বাস বা ধর্ম বলে মনে করা হয় তখন সুসমাচারের ছড়িয়ে পড়ার গতি নাটকীয় ভাবে বাধাগ্রস্থ হয়। তাহলে, আমরা কি করতে পারি? আমরা যা করতে পারি তা হলো, আমাদের যেসব কাজ ঈশ্বরের এই আন্দোলনকে "গতিশীল" করে সেগুলো করতে এবং যেসব কাজ একে বাধাগ্রস্ত করে সেগুলো "রোধ" করতে বা বিরত থাকতে পারি। এই ভূমিকায় অংশগ্রহণকারী ব্যক্তিদের আমরা *"গতিবর্ধক"* এবং *"গতিরোধক"* বলব।

গতিবর্ধক ব্যক্তিরা হলেন মোটর সাইকেল বা গাড়ির গতিবর্ধক বায়ুর চাপের (নাইট্রো গ্যাস) মত; তারা মন্ডলী সংগঠন অথবা মন্ডলী নবায়নের কার্যক্রম উপস্থাপন করেন, অথবা সেরকম কার্যক্রমের অনুপস্থিতিতে প্রতিনিধিত্ব করতে পারে, তাদের কাজগুলো পরিমাপযোগ্য নাও হতে পারে বা ফল পেতে অনেক সময় লাগতে পারে, কিন্তু চূড়ান্তভাবে এর ফলাফল হিসেবে একটি শক্তিশালী স্থায়ী মন্ডলী গড়ে ওঠে যার মধ্যে রাজ্যের ফলাফলগুলো বিদ্যমান থাকে। **নোট: এই সহায়ীকার একটি অন্যতম উদ্দেশ্য হলো বাইবেলীয় আবহমানকালের সংস্কৃতি এবং সর্বগ্রাহ্য নীতিমালা ব্যবহার করে মন্ডলী সংগঠনের আন্দোলনকে গতিশীল এবং টেকসই করে তোলা।** মন্ডলী সংগঠনের আন্দোলনকে সঞ্চালিত করার জন্য বাইবেলীয় পথ বা উপায় নির্মাণের মাধ্যমে এটি সম্পন্ন করা হবে যাতে আন্দোলনটি দৃঢ়তার সাথে বাইবেলের ভিত্তির উপর দাঁড়াতে পারে।

গতিরোধক ব্যক্তিরা হলো গতিবর্ধক বায়ুবিহীন মোটর সাইকেল বা গাড়ির মত; তারা মন্ডলী সংগঠন বা মন্ডলী নবায়নের কার্যক্রম উপস্থাপন করে বা সেকাজে প্রতিনিধিত্ব করে বিভিন্ন কিছু বাছ-বিচারের মধ্য দিয়ে একটি স্বল্পকাল-স্থায়ী পরিমাপযোগ্য ফলাফল প্রদর্শন করে, কিন্তু ফলবতী মন্ডলী হতে এবং খ্রীষ্টের সাথে সংযুক্ত থেকে এই আন্দোলনকে গতিশীল করার ক্ষেত্রে মন্ডলীকে বাধাগ্রস্থ করতে বেশি পছন্দ করে। এর একটি বাস্তব উদাহরণ খুঁজে পাওয়া যায় ভিয়েতনামের ক্ষাং জাতিগোষ্ঠির মধ্যে, এবং এই একই ঘটনা পৃথিবীর বিভিন্ন যায়গায় ঘটছে। এই পাঠটি আরও ভাল ভাবে বোঝার জন্য ডেভিড গ্যারিসনের মন্ডলী সংগঠনের আন্দোলন একটি ভাল কেস স্টাডি হিসেবে সাহায্য করতে পারে (**www.newfoundationsinternational.org** প্রশিক্ষণ সহায়ক উপাদান বিনামূলে ডাউনলোড করুন)। নীচে, আমি গতিবর্ধক এবং গতিরোধক উপাদানগুলোর একটি তালিকা দিয়েছি যা আপনার সংস্কৃতির সাথে মিলতে পারে আবার নাও মিলতে পারে তবে আমরা ঈশ্বরের আবহমানকালের সর্বসংস্কৃতিতে গ্রাহ্য নীতিমালাগুলোর সাথে বর্তমান মন্ডলীর সেতুবন্ধন করার জন্য যে চেষ্টা করছি সে বিষয়ে এগুলো আপনাকে চিন্তার খোরাক যোগাবে। (৪২ পৃষ্ঠায় সেতুর ডায়গ্রামটি দেখুন।)

প্রোজেক্ট ক - গতিবর্ধক ও গতিরোধক চিহ্নিতকরণ

আপনার সংস্কৃতি এবং পরিস্থিতির সাথে মানানসই প্রাসঙ্গিক গতিবর্ধক ও গতিরোধক গুলো উল্লেখ করে নিচের শূন্যস্থানগুলো পূরণ করুন। আপনার সংস্কৃতি এবং পরিস্থিতির সাথে পরিচিত এমন কোন ব্যক্তির সাথে এ বিষয়ে আলোচনা করতে পারলে আপনার জন্য আরও সহজ হবে। মনে রাখবেন, এই গতিবর্ধক ও গতিরোধক উপাদানগুলো সময় ও সংস্কৃতি ভেদে ভিন্ন হতে পারে। নিজেকে প্রশ্ন করুন: "কোন কোন গতিবর্ধক ও গতিরোধক উপাদানগুলো সুসমাচার প্রচার, পবিত্র আত্মার এই আন্দোলন, মন্ডলী সংগঠন ও নবায়নের কাজ, এবং আমার অবস্থানের চারপাশে স্বজাতীয় কৃষ্টিতে মৌলিক ভাবে বেড়ে উঠার ক্ষেত্রে সাহায্য করছে বা বাধা দিচ্ছে?"

গতিবর্ধক	গতিরোধক
ঈশ্বরের বাক্যের কর্তৃত্ব ও প্রাচুর্য্যতা	বাইবেল যথেষ্ট নয়
খ্রীষ্টই উচ্চিকৃত হন, মানুষ নয়	মানুষ উচ্চিকৃত হয়
একটি মন্ডলী আরেকটি মন্ডলীকে সংগঠিত করছে	ব্যক্তিবাদী সুসমাচার প্রচারক
পরিচর্যা কাজের "মধ্যে থেকে" প্রশিক্ষণ	পরিচর্যার কাজের "জন্য" প্রশিক্ষণ
স্থানীয়/ স্বদেশী নেতৃত্ব	বিদেশী নেতৃত্ব
আত্মা-টেকসই এবং ঋণ মুক্ত	অর্থ এবং অর্থনৈতিক সাহায্যের উপর নির্ভরশীল
খ্রীষ্ট, মন্ডলীর মস্তক	পালক, অথবা কোন ব্যক্তি মন্ডলীর মস্তক
স্থানীয় কৃষ্টিগত পরিচিতি	বিদেশী কৃষ্টিগত পরিচিতি
শিষ্য এবং নেতৃবর্গকে প্রেরণ	শিষ্য এবং নেতৃবর্গকে ধরে রাখা
নির্যাতন ও কষ্টভোগ	সহজ, আরাম এবং মনোরম

পবিত্র আত্মা আজকের দিনেও কাজ করে চলছেন এবং তাঁর সাথে কাজ করার জন্য ও এই অসাধারণ অভিযানে যুক্ত হবার জন্য আহ্বান জানাচ্ছেন! আপনি আহ্বানে সারা দিচ্ছেন তো? হ্যা ----- না -----?

মন্ডলীর জন্য ঈশ্বরের পরিকল্পনার উদ্দেশ্য কি

এই কোর্সের উদ্দেশ্য হলো প্রৈরিতিক মন্ডলীতে ব্যবহৃত পদ্ধতি ও নীতিমালাগুলো তুলে ধরা যা খুব সংক্ষিপ্ত সময়ে অসাধারন ফলপ্রসুতা লাভ করেছিল এবং বর্তমান সময়ের মন্ডলীতে সেগুলো প্রয়োগ করতে পারা যেন এর ফলস্বরূপ পৃথিবীর সমস্ত জাতিগোষ্ঠির মধ্যে আমরা আমাদের পিতার গৌরব দেখতে পাই।

এই সহায়ীকাটি সম্পূর্ণ করার মাধ্যমে আমরা কি অর্জন করতে চাই?

১. **পুনরুদ্ধার:** আমাদের সাহস ও আত্মবিশ্বাসকে পুনরুদ্ধার করা যেন বাক্যের কর্তৃত্ব ও প্রাচুর্যতার উপর নির্ভর করে পবিত্র আত্মার শাক্তিতে মন্ডলী সংগঠন এবং প্রতিষ্ঠার জন্য প্রস্তুত হতে পারি।

থামুন: এগোনের আগে, ১৮৪-১৮৭ পৃষ্ঠায় **কিভাবে বাইবেল অধ্যায়ন করতে হয়** শিরোনামের সম্পূরক অংশটি পড়ুন।

শাস্ত্র বা ঈশ্বরের "বাক্য একাই" আপনার ভিত্তি। এর বাইরে যেকোন কিছুতে আপনি নির্ভর করেন তা আগে হোক বা পড়ে, সর্বনাশ ঘটাবে বা ভেঙ্গে পড়বে। যেহেতে আপনি জেনেছেন ঈশ্বর তাঁর নিজের বাক্যের প্রতি কতটা যত্নশীল, আপনি শুধু দেখবেন যে ঈশ্বরের জীবন্ত বাক্য আপনার আহ্বানের সারাদানের পক্ষে সমস্ত প্রয়োজন পূরণ করতে যথেষ্ট কিনা।

পর্যবেক্ষণ: নিচে উল্লেখিত বাইবেল পদ গুলো পড়ুন এবং পর্যবেক্ষণ করুন যে এই সমস্ত পদ থেকে আপনি ঈশ্বরের বাক্যের কর্তৃত্ব ও প্রাচুর্য্যতা বলতে আপনি কি বুঝেছেন। আপনার অনুসন্ধানগুলো লিখুন কারণ এটি আপনার ব্যক্তি, পারিবারিক এবং মান্ডলীক জীবনের সাথে সম্পর্কযুক্ত।

ইষা ৭:৯-১০ _____

_____

_____

_____

গীতসংহিতা ১৯:৭-১৪ _____

_____

_____

গীতসংহিতা ১১৯:৯-১৬ _____

_____

_____

গীতসংহিতা ১১৯:১০৫ _____

গীতসংহিতা ১৩৮:২ _____

যিরমিয় ২৩:২৮-২৯ _____

_____

মথি ৪:৪ _____

মথি ২৪:৩৫ _____

লূক ৪:৪, ৮, ১০ _____

যোহন ১:১, ১৪ _____

_____

প্রেরিত ৬:৭ _____

প্রেরিত ১২:২৪ _____

প্রেরিত ১৩:৪৮-৪৯ _____

_____

প্রেরিত ১৯:২০ _____

১ থিষলনীকীয় ২:১৩ _____

২ তীমথিয় ৩:১৬-১৭ _____

_____

ইব্রীয় ৪:১২ _____

১ পিতর ১:২২-২৫ _____

_____

২ পিতর ১:৩-৪ _____

_____

২ পিতর ১:১৯-২১ _____

_____

ধ্যান: এই পদগুলোর উপর ভিত্তি করে, এটি সংক্ষিপ্ত সারাংশ লিখুন যে ঈশ্বরের বাক্য ধ্যান করতে করতে আপনি কোন চুম্বক নীতিমালা এবং কাজ খুঁজে পেলেন যা যেকোন ব্যক্তি, পরিবার, এবং মন্ডলী যেকোন সময় যে কোন সংস্কৃতিতে ব্যবহার করতে পারে। (মূখ্য) _____

_____

_____

_____

আলোচনা: বর্তমান সময়ে আপনার অভিজ্ঞতায় আপনার জীবন, পরিবার এবং মন্ডলীর সাথে এই বিষয়গুলোর বৈপরীত্য খুঁজে বের করুন।

_____

_____

_____

_____

বর্তমানে আপনার জীবন, পরিবার এবং মন্ডলীতে কি ধরনের পরিবর্তন আনা প্রয়োজন বলে মনে করেন? _____

_____

_____

_____

প্রয়োগ: কখন এবং কিভাবে আপনি আপনার ব্যক্তি, পরিবার, এবং মন্ডলীতে এই পরিবর্তন গুলো আনতে যাচ্ছেন?

_____

_____

_____

২. **আঁকা** একটি বাইবেলীয় দর্শন আঁকুন যা মন্ডলীর প্রতি ঈশ্বরের পরিকল্পনা প্রকাশ করে; না মানুষের কোন পরিকল্পনা নয়, কোন পশ্চিমা পরিকল্পনা নয়, কিন্তু ঈশ্বরেরই পরিকল্পনা। নিচের ডায়াগ্রামটি এই সহায়ীকার ৬টি অধ্যায়ে ঈশ্বরের পরিকল্পনার বিষয়ে বিস্তৃতভাবে বুঝতে সাহায্য করবে।



৩. **আরম্ভ** মন্ডলী সংগঠন ও নবায়নের জন্য আপনার নিজস্ব একটি কৌশল তৈরীর কাজ শুরু করে দিন। এই কৌশলটি হবে বাইবেল ভিত্তিক, সরল এবং বাস্তব নীতিমালা নিয়ে গঠিত যা যেকোন সংস্কৃতিতে, যেকোন সময় এবং সমস্ত জায়গায় ব্যবহারযোগ্য। তবে এমন কোন কৌশল তৈরী করবেন না যা মানুষের উপর নির্ভরশীল বা অর্থের জোরে কাজ করে। (২৭ পৃষ্ঠায় #৪ দেখুন)। নিচের ডায়াগ্রামটি ৭ম অধ্যায়ে আপনার চূড়ান্ত প্রজেক্টের জন্য সাহায্য করবে।

৪. ২য় অধ্যায়ের যাত্রা শুরু করার আগে আমরা আপনাকে উৎসাহিত করতে চাই যেন আপনি প্রথমে ফিরে গিয়ে আপনার ব্যক্তি, বৈবাহিক, পারিবারীক, পরিচর্যা এবং মান্ডলীক জীবনকে শুধুমাত্র ঈশ্বরের বাক্যের উপরই গঠন করেন। ২৭ নং পৃষ্ঠায় #৩ পড়ুন এবং বুঝতে চেষ্টা করুন এই প্রশিক্ষণের জন্য ঈশ্বরের বাক্যকে আপনার জীবনের একমাত্র কর্তৃত্বকারী হিসেবে মূল্যায়ন করা কতটা গুরুত্বপূর্ণ। এই বইয়ে আর এগিয়ে যাবার পূর্বে এখনই প্রভুর সাথে সময় কাটান। যত সময়ের প্রয়োজন লাগে নিন। আপনি হয়ত যিহোশূয়র সময়ের কথা স্বরণ করতে পারেন যখন তিনি প্রতিজ্ঞা নিয়ে একা সমস্ত জাতির সামনে দাঁড়িয়ে বলেছিলেন; *"আমি ও আমার পরিজন আমরা সদাপ্রভুর সেবা করিব"* (যিহোশূয় ২৪:১৫)। আপনি যদি বাইবেলীয় নীতিমালাগুলোর সাথে একমত হন, তাহলে ১ম অধ্যায়টি পুনরায় ফিরে দেখুন, এবং তার পর ২য় অধ্যায়ের পাঠে এগিয়ে জান।

২য় অধ্যায় শুরু করার পূর্বে ১ম অধ্যায় পুনরায় ফিরে দেখুন এবং নিচের ডায়াগ্রামের যেসব শূন্যস্থানগুলো ফাঁকা আছে সেগুলা পূরণ করুন।



